বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
ইমেইল: org@scouts.gov.bd

পত্র নং-বা. স্কা. (সংগঠন)/১৪৩০(১৫২)/২০২৫

তারিখ : ০৮ মাঘ ১৪৩১ / ২২ জানুয়ারি ২০২৫

**অফিস স্মারক**

**বিষয়: প্রশাসনিক জেলা স্কাউটস-এর নির্বাচনী নীতিমালা।**

বাংলাদেশ স্কাউটস-এর ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে জারিকৃত অফিস স্মারক নং- বা. স্কা. (প্রশা. ৫৪৭)/ ৮৯১(২১০০)/২০২৪ অনুসারে জেলা স্কাউটস নির্বাহী কমিটি গঠনের লক্ষে নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

১) এডহক কমিটির সদস্যগণ কাউন্সিলর হিসেবে বিবেচিত হবেন, তবে তাঁরা কোনো পদে (পদাধিকার পদ ব্যতীত) নির্বাচিত হতে পারবেন না;

২) স্কাউটিং যেহেতু একটি অরাজনৈতিক স্বেচ্ছাসেবী আন্দোলন, সেহেতু রাজনৈতিক পদধারী ব্যক্তি জেলা স্কাউটস-এর কোনো পদে নির্বাচন করতে পারবেন না বা নির্বাচিত হতে পারবেন না;

৩) যে সকল কর্মকর্তা ইতোমধ্যে পূর্ণ ০২ (দুই) টার্ম বা ০৬ (ছয়) বছর কোনো পদে নির্বাচিত হয়ে দায়িত্ব পালন করেছেন তাঁরা সংশ্লিষ্ট পর্যায়ের একই পদে নির্বাচনের যোগ্য হবেন না;

৪) যে সকল কাউন্সিলর পদাধিকারবলে কাউন্সিলর হবেন তাঁরা নিজ পদ ব্যতীত অন্য কোনো পদে মনোনীত বা নির্বাচিত হতে পারবেন না;

৫) নির্বাহী কমিটির সকল নির্বাচিত পদে কাউন্সিলরগণের মধ্যে থেকেই নির্বাচন করতে হবে;

৬) নির্বাহী কমিটিতে তরুণ নেতৃত্বের সুযোগ দিতে হবে;

৭) যে সকল স্কাউটারের বিরুদ্ধে স্কাউট সংগঠনে অনিয়মের বিষয়ে তদন্ত প্রক্রিয়াধীন অথবা কোনো সুনির্দিষ্ট অনিয়মের অভিযোগের ভিত্তিতে ফৌজদারি কার্যবিধি প্রক্রিয়াধীন আছে, সে সকল স্কাউটার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে বা নির্বাচিত হতে পারবেন না;

৮) যে সকল ইউনিটের নবায়ন হালনাগাদ আছে শুধুমাত্র সে সকল ইউনিট থেকে কাউন্সিলে অংশগ্রহণ করতে পারবেন।

**জেলা স্কাউটস কাউন্সিলে কাউন্সিলর হওয়ার যোগ্যতা:**

১) এডহক কমিটির সদস্যগণ;
২) উপজেলা স্কাউটস-এর সভাপতিগণ;
৩) উপজেলা স্কাউটস-এর কমিশনারগণ;
৪) উপজেলা স্কাউটস-এর সম্পাদকগণ;
৫) সংশ্লিষ্ট জেলা রোভার কমিশনার (প্রযোজ্য ক্ষেত্রে);
৬) সংশ্লিষ্ট জেলা রোভার সম্পাদক (প্রযোজ্য ক্ষেত্রে);
৭) প্রত্যেক উপজেলা স্কাউটস এর নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত ০৩ (তিন) জন গ্রুপ সভাপতি প্রতিনিধি: ০১ (এক) জন স্কাউট শাখা, ০১ (এক) জন কাব স্কাউট শাখা ও ০১ (এক) জন মুক্তদল/কমিউনিটি বেইজড স্কাউট গ্রুপ থেকে;
৮) প্রত্যেক উপজেলা স্কাউটস এর নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত ০৩ (তিন) জন ইউনিট লিডার প্রতিনিধি: ০১ (এক) জন স্কাউট শাখা, ০১ (এক) জন কাব স্কাউট শাখা ও ০১ (এক) জন মুক্তদল/কমিউনিটি বেইজড স্কাউট গ্রুপ থেকে;
৯) জেলার সকল লিডার ট্রেনার;
১০) জেলার সকল সহকারী লিডার ট্রেনার;
১১) প্রত্যেক উপজেলা স্কাউটস হতে নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত ০১ (এক) জন (২৫-৩৫ বছর বয়সী) ইয়াং অ্যাডাল্ট লিডার প্রতিনিধি;
১২) জেলায় কর্মরত বাংলাদেশ স্কাউটস এর প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ।

**জেলা স্কাউটস-এর নির্বাহী কমিটির নির্বাচিত ও সুপারিশকৃত পদসমূহের রূপরেখা নিম্নরূপ হবে:**

- সহ সভাপতি -৫ (পাঁচ) জন (জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার পদাধিকারবলে এবং অপর তিনজনের মধ্যে ০১ (এক) জন স্কাউট শাখা, ০১ (এক) জন কাব স্কাউট শাখা ও ০১ (এক) জন মুক্তদল/কমিউনিটি বেইজড স্কাউট গ্রুপ থেকে নির্বাচিত হতে হবে;
- জেলা স্কাউটস কমিশনার-০১ জন (সুপারিশকৃত);
- কোষাধ্যক্ষ-০১ জন (নির্বাচিত);
- সম্পাদক-০১ জন (নির্বাচিত) (স্কাউট শাখা);
- যুগ্ম সম্পাদক -০১ (এক) জন (নির্বাচিত) (কাব স্কাউট শাখা থেকে ২৫-৩৫ বছর বয়সী ইয়াং অ্যাডাল্ট লিডার);
- লিডার ট্রেনার প্রতিনিধি-০২ জন (নির্বাচিত) (কাব স্কাউট শাখা হতে ০১ (এক) জন ও স্কাউট শাখা হতে ০১ (এক) জন);
- সহকারী লিডার ট্রেনার প্রতিনিধি-০২ জন (নির্বাচিত) (কাব স্কাউট শাখা হতে ০১ (এক) জন ও স্কাউট শাখা হতে ০১ (এক) জন);

**জেলা স্কাউটস-এর নির্বাহী কমিটির পদাধিকারবলে ও মনোনীত পদসমূহ নিম্নরূপঃ**

- সভাপতি (জেলা প্রশাসক পদাধিকারবলে জেলা স্কাউটস-এর সভাপতি হবেন);
- উপজেলা স্কাউটস সভাপতি (সকল);
- সংশ্লিষ্ট জেলার জেলা রোভার স্কাউট কমিশনার (পদাধিকারবলে);
- সংশ্লিষ্ট জেলার জেলা রোভার স্কাউট সম্পাদক (পদাধিকারবলে);
- সংশ্লিষ্ট জেলায় কর্মরত প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (পদাধিকারবলে);
- সহকারী জেলা কমিশনার-১০জন (জেলা নির্বাহী কমিটির প্রথম সভায় মনোনয়ন প্রদান করতে হবে);
- উপজেলা স্কাউটস কমিশনার (সকল);
- জেলা স্কাউট লিডার-০১ জন (জেলা স্কাউটস নির্বাহী কমিটির প্রথম সভায় মনোনয়ন প্রদান করতে হবে);
- জেলা কাব স্কাউট লিডার-০১ জন (জেলা স্কাউটস নির্বাহী কমিটির প্রথম সভায় মনোনয়ন প্রদান করতে হবে);
- সহযোজিত সদস্য ০৪ (চার) জন (জেলা স্কাউটস নির্বাহী কমিটির প্রথম সভায় মনোনয়ন প্রদান করতে হবে) (যার মধ্যে ২৫-৩৫ বছর বয়সী একজন পুরুষ ও একজন মহিলা);

নির্বাচন শেষে সর্বোচ্চ ১৫ (পনের) দিনের মধ্যে জেলা স্কাউটস-এর নির্বাহী কমিটির সভা আহবান করে মনোনীত পদসমূহের মনোনয়ন প্রদানপূর্বক পূর্ণাঙ্গ নির্বাহী কমিটি গঠন করতে হবে। কোনো পদে যোগ্যতা সম্পন্ন ব্যক্তি পাওয়া না গেলে পদটি শূণ্য থাকবে। কাউন্সিল সভার বিজ্ঞপ্তি সংশ্লিষ্টদের নিকট কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে প্রেরণ করতে হবে।

এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ অফিস স্মারক জারি করা হ'ল।

(মোঃ শামসুল হক)
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)
বাংলাদেশ স্কাউটস।

**বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। সদস্য সচিব, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস, (সকল) অঞ্চল;
২। সদস্য সচিব, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস, (সকল) জেলা;
৩। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;

**সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। আহবায়ক, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস;
২। সদস্য সচিব, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস;
৩। সদস্য (সকল), এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস;
৪। আহবায়ক, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস, (সকল) অঞ্চল;
৫। জেলা প্রশাসক, (সকল) জেলা ও আহবায়ক, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস, (সকল) জেলা;
৬। অফিস নথি।